

শিক্ষা খাত শক্তিশালীকরণ

বিশ্বব্যাংক-এডিবি প্রতিনিধিদের সঙ্গে শিক্ষামন্ত্রীর বৈঠক

নিজস্ব প্রতিবেদক ●

ঢাকায় শিক্ষা মন্ত্রণালয়ে বাংলাদেশের শিক্ষা খাতের উন্নয়ন, সংস্কার এবং আন্তর্জাতিক সহযোগিতা জোরদার নিয়ে বিশ্বব্যাংক ও এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. আনাম এহছানুল হক মিলন।

গতকাল মঙ্গলবার পৃথক দুটি সৌজন্য সাক্ষাৎ ও বৈঠকে শিক্ষা খাতের চলমান উন্নয়ন কর্মসূচি, সংস্কার উদ্যোগ এবং ভবিষ্যৎ সহযোগিতার সম্ভাব্য ক্ষেত্র নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

প্রথম বৈঠকে অংশ নেন বিশ্বব্যাংকের বাংলাদেশ ও ভূটান বিভাগের পরিচালক জিন পেসমি। বৈঠকে বাংলাদেশের শিক্ষা খাতে সংস্কার কার্যক্রম ত্বরান্বিত করা এবং শিক্ষার সার্বিক মান উন্নয়নে বাংলাদেশ সরকার ও ওয়ার্ল্ড ব্যাংকের মধ্যে সহযোগিতা আরও জোরদারের বিষয়ে আলোচনা হয়।

বৈঠকে শিক্ষামন্ত্রী এহছানুল হক মিলন বলেন, প্রাথমিক থেকে উচ্চশিক্ষা পর্যন্ত দেশের শিক্ষাব্যবস্থাকে আরও শক্তিশালী করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। একই সঙ্গে মন্ত্রী বলেন, চলমান প্রকল্পগুলোর কার্যকারিতা মূল্যায়নের মাধ্যমে বিদ্যমান চ্যালেঞ্জগুলো চিহ্নিত করা এবং ভবিষ্যতে আরও কার্যকর ফলাফল নিশ্চিত করা জরুরি।

আলোচনায় উঠে আসে, শিক্ষার্থী ভর্তির হার বৃদ্ধি ও শিক্ষায় অংশগ্রহণে বাংলাদেশ উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করলেও সাক্ষরতা বৃদ্ধি, শিক্ষক প্রশিক্ষণ এবং শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়নের ক্ষেত্রে এখনও কিছু গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ রয়েছে। এ প্রেক্ষাপটে দক্ষতা উন্নয়ন, ডিজিটাল শিক্ষাব্যবস্থা সম্প্রসারণ, শিক্ষক প্রশিক্ষণ শক্তিশালীকরণ এবং কর্মসংস্থানমুখী শিক্ষা জোরদারের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।

বৈঠকে বাংলাদেশের শিক্ষা খাতে বিশ্বব্যাংকের সহায়তায় চলমান বিভিন্ন উদ্যোগও পর্যালোচনা করা হয়। পাশাপাশি ভবিষ্যৎ সহযোগিতার সম্ভাব্য ক্ষেত্র হিসেবে মাল্টিমিডিয়া ও স্মার্ট শ্রেণিকক্ষ সম্প্রসারণ, প্রযুক্তিনির্ভর শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা এবং বিশ্ববিদ্যালয়গুলোয় গবেষণা সহায়তা জোরদারের বিষয়েও আলোচনা হয়।

শিক্ষামন্ত্রী বাংলাদেশের শিক্ষা উন্নয়নে বিশ্বব্যাংকের অব্যাহত অংশীদারত্বের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং শিক্ষাব্যবস্থার সংস্কার ও আধুনিকায়নে সরকারের দৃঢ় অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

এদিকে একই দিনে শিক্ষা মন্ত্রণালয়ে শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠক করেন এশিয়ান উন্নয়ন ব্যাংকের (এডিবি) হিউম্যান অ্যান্ড সোশ্যাল ডেভেলপমেন্ট বিভাগের পরিচালক সুন সং।

এই বৈঠকে বাংলাদেশের শিক্ষা খাতের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম, বিশেষ করে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (টিভিইটি), শিক্ষক প্রশিক্ষণ এবং প্রাথমিক শিক্ষার উন্নয়ন কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পাশাপাশি এডিবির চলমান ও সম্ভাব্য বিভিন্ন সহায়তা কর্মসূচি নিয়েও মতবিনিময় করা হয়।

বৈঠকে শিক্ষামন্ত্রী বলেন, দেশের শিক্ষা ব্যবস্থার মানোন্নয়নে আন্তর্জাতিক উন্নয়ন অংশীদারদের সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি শিক্ষা খাতের উন্নয়নে এডিবির চলমান সহায়তার প্রশংসা করেন এবং ভবিষ্যতেও এ সহযোগিতা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

এডিবির পরিচালক জি সুন সং বাংলাদেশের শিক্ষা খাতে সরকারের বিভিন্ন উদ্যোগের প্রশংসা করেন এবং সরকারের অগ্রাধিকার অনুযায়ী শিক্ষা খাতে এডিবির সহযোগিতা অব্যাহত থাকবে বলে আশ্বস্ত করেন।

র

সর
কে
বি
ইপ
ইদ
রা
নার
টর
য়।
আহী
য়াগ

নজ
ইদ
পের
রা
ধা
তি
গর্ড
ট।
দর
বি
য়ার
চুত
তে
শে

ট
ব